# অন্তরীণ পৃথিবী অন্তহীন শূন্যতা

# অন্তরীণ পৃথিবী অন্তহীন শূন্যতা

শুভ্র সুমন

অন্তরীণ পৃথিবী অন্তহীন শূন্যতা
শুভ্র সুমন

প্রকাশকাল
প্রথম প্রকাশ : অমর একুশে বইমেলা ২০২৩

প্রকাশক
সজল আহমেদ
কবি প্রকাশনী ৮৫ কনকর্ড এম্পোরিয়াম বেইজমেন্ট
২৫৩-২৫৪ ড. কুদরত-ই-খুদা রোড কাঁটাবন ঢাকা ১২০৫

স্বত্ব
লেখক

প্রচ্ছদ ও অলংকরণ
তন্ময় ইরতিজা আঞ্জুম

বর্ণবিন্যাস
মোবারক হোসেন

মুদ্রণ
কবি প্রেস ৪৮৩-৪৮৬ গাউসুল আজম সুপার মার্কেট নীলক্ষেত ঢাকা ১২০৫

ভারতে পরিবেশক
অভিযান বুক ক্যাফে বুকস অফ বেঙ্গল বইবাংলা দে'জ পাবলিশিং কলকাতা

মূল্য : ২৭৫ টাকা

ONTOREEN PRITHIBEE ONTOHEEN SHUNYOTA by Shuvro Suman
Published by Kobi Prokashani 85 Concord Emporium Market 253-254 Dr. Kudra-E-Khuda Road Kantabon Dhaka 1205 First Edition: February 2023
Phone: 02-44617335 Cell: +88-01717217335 +88-01641863570 (bKash)
Price: 275 Taka RS: 275 US 20 $
E-mail: kobiprokashani@gmail.com Website: kobibd.com

**ISBN:** 978-984-97683-0-2
Book design by Nishorgi Architects Ltd. Bangladesh

থমকে থাকা কিছু মুহূর্ত, কিছু টুকরো অনুভূতি...

উৎসর্গপত্র


# একুশে বইমেলা

বইয়ের দোকানে মানুষের ভিড়
পায়ে হাঁটা মেঠোপথে মানুষের ভিড়
বটবৃক্ষের নিচে মানুষের ভিড়
মুক্তমঞ্চ সেখানেও জায়গা নেই
মানুষ আর মানুষ!
বিশাল লাইন ঠেলে তারা ভিড় করছে প্রতিটি বাক্যে শব্দে স্বপ্নে
স্বপ্ন বুকে নিয়ে সকলে আজ মেতেছে শব্দজটে।
আমিও জোট বেঁধেছি সেই জটে;
মলাটবদ্ধ শব্দলিপিতে।

২২ ফেব্রুয়ারি ২০১২, বইমেলা, ঢাকা।

# সূচিপত্র


| | |
|---|---|
| সূচনা | কজমো ক্যাফে ▪ ১৫ |
| প্রথম পর্ব | অন্তরীণ পৃথিবী ▪ ২১ সবুজ চোখ ▪ ২২ অন্ধ সমীকরণ ▪ ২৩ মোহগ্রস্ততা ▪ ২৪ প্রেম ▪ ২৫ যাযাবর জীবন ▪ ২৬ স্বপ্ন ▪ ২৭ |
| দ্বিতীয় পর্ব | ডিসেম্বর ▪ ৩৩ স্বপ্নস্খলন ▪ ৩৪ বন্ধ্যা সময় ▪ ৩৫ দুই দেশ ▪ ৩৬ নিস্পৃহ কবিতা ▪ ৩৭ |
| তৃতীয় পর্ব | ক্ষুধা ▪ ৪৩ হলুদ ক্যানভাস ▪ ৪৪ শবরী ▪ ৪৫ প্রতিধ্বনি ▪ ৪৬ স্বপ্নভঙ্গ ▪ ৪৭ ভাঙা ঘুম ▪ ৪৮ অভিমান ▪ ৪৮ কোথায় তুমি (এক) ▪ ৪৯ |
| চতুর্থ পর্ব | কোথায় তুমি (দুই) ▪ ৫৫ ঘোর ▪ ৫৬ মুখোমুখি ▪ ৫৭ শব্দজট ▪ ৫৮ অপেক্ষা ▪ ৫৯ জীবন ▪ ৬০ তোমার চিঠি ▪ ৬১ |
| পঞ্চম পর্ব | ইচ্ছা ▪ ৬৭ শ্রাবণধারা ▪ ৬৮ নেশার ঘোর ▪ ৬৯ দগ্ধমন ▪ ৭০ নিশাচর ▪ ৭১ ধুতরা ▪ ৭২ অপূর্ণতা ▪ ৭৩ ভগ্নহৃদয় ▪ ৭৪ সংশয় ▪ ৭৫ কীর্তনখোলা ▪ ৭৬ স্মৃতিসরণি ▪ ৭৭ পঁচিশে ডিসেম্বর ▪ ৭৮ পায়েল ▪ ৭৯ |
| ষষ্ঠ পর্ব | অবশ্যম্ভাবী ▪ ৮৫ দুই হাজার বিশ ▪ ৮৬ মৃত্যুৎসব ▪ ৮৭ কোভিড-১৯ ▪ ৮৮ মৃত্যুর আলিঙ্গন ▪ ৮৯ |
| শেষ পর্ব | জলে ভেজা মেঘ ▪ ৯৫ অন্তহীন শূন্যতা ▪ ৯৬ |



# সূচনা

দীর্ঘ গন্তব্যহীন জীবনের মৃতস্মৃতি রোমন্থন কজমো ক্যাফে, যার রেশ থেকে কাব্যগ্রন্থের সূচনা।

## কজমো ক্যাফে


ধানমন্ডির সাদাকালো এই ঠিকানাটি কত খুঁজেছি সন্ধ্যার অন্তরীণ শূন্যতায়। দিনের আলোয় এই শহরে হারিয়ে যাওয়া সে এক নীল ধ্রুবতারা, আমার নিরুদ্দেশ শেষ ঠিকানা।

আজ ক্যাফেটি নেই; থাকলে হয়ত স্মৃতির ধুলোময় মেঠোপথ হেঁটে যাওয়া হতো না, যেতাম না স্মৃতিবিধুর বন্ধ দরজা ভেঙে। কিছু স্মৃতি স্মৃতির ধ্বংসস্তূপে পড়ে রয়, তাকে নির্জন দুপুরে কিংবা বিষণ্ন সন্ধ্যায় না ডাকলেও পাওয়া যায় বঞ্চিত সব অভিলাষে। না হলে কবেই সে হারিয়ে যেত নিকোটিনের ধোঁয়ায়, কালো কফির বিস্বাদ মিষ্টতায়, অপ্রিয় সব সুরে রাতের গভীরে মোহগ্রস্ত অভিসারে।

আমার প্রথম কফির প্রথম চুমুক, অদেখা শহরের প্রথম উষ্ণতা, ছন্দহীন জীবনের তাল কজমোর মতো হারিয়েছে চিরকাল; শুধু আলো-ঝলমলে নিশ্চিহ্ন লাল জাহাজবাড়ি আজও নিদ্রাহীন জেগে রয় রাতের স্তব্ধতায় ঝিঁঝি পোকার বিরামহীন সুরে স্মৃতির মেঠো আলপথে।

প্রিয় কজমো, ভালোবাসা নিও।

২১ জানুয়ারি ২০২১, কলাবাগান।



# প্রথম পর্ব

একান্নর এক কলাবাগান – অন্ধকারময় এক **অন্তরীণ পৃথিবীর** ঠিকানা; যেখানে জীবন বন্দি এক **সবুজ চোখের** মায়াজালে, **অন্ধ সমীকরণ**-এর মতো তার **মোহগ্রস্ততায়** জীবন ডুবে যায় খেয়ালি ভাবনায়। আসে **প্রেম** স্খলিত **যাযাবর জীবনে** রঙিন **স্বপ্ন** নিয়ে।

# অন্তরীণ পৃথিবী

একান্নর এক কলাবাগান।

তামাক আগুনে পোড়া ছাইভস্মমাখা শ্মশানচিতা, শ্বাসরুদ্ধকর গন্ধে বাষ্পে চূর্ণ-বিচূর্ণ এক অস্তমিত পৃথিবীর ঠিকানা। দিনের আলো-ছায়ার উচ্ছলতা ফায়ার হাইড্রেন্টের জলের স্ফুলিঙ্গে নৃত্য করে চিতার আগুনে।

এক একটি দিন – দীর্ঘ নিদ্রাহীন রাতের আঁধারে বন্দি, মহাকালের শূন্যতায় থমকে থাকা ঘড়ির কাঁটা, জানে না তার গন্তব্য ঠিকানা। শুধু এক অন্তহীন অজানা অপেক্ষা; শব্দহীন সাদা কাগজ অক্ষরবিহীন চিঠি প্রহেলিকাময় কবিতা, যার স্তবকে জীবন স্তব্ধ স্বপ্নহারা গভীর ঘুমে তলিয়ে যাওয়া দিশাহীন ঊষার মৃত্যুবেদনা। শূন্য শূন্য শূন্যতা।

একান্নর এক – আমার অন্তরীণ পৃথিবী, অপ্রকাশিত নগ্ন কবিতা।

২৫ জানুয়ারি ২০২০, কলাবাগান।